



সূত্র: এলএফএমইএবি/প্রেস রিলিজ/চক্ষু পরীক্ষণ/১৯৯/১৮

তারিখ: শনিবার, ২২/০৯/২০১৮ইং

এলএফএমইএবি-এর সদস্য ফ্যাক্টরিগুলোতে শ্রমিকদের দৃষ্টি ক্ষমতার পরীক্ষণ কার্যক্রম পরিচালিত

গত শুক্রবার, ২১ সেপ্টেম্বর ২০১৮ইং, এলএফএমইএবি-এর সদস্যভুক্ত কারখানা আর্কোবালিনো ফুটওয়্যার লিমিটেডে শ্রমিকদের দৃষ্টি ক্ষমতার একটি পরীক্ষণ কার্যক্রম পরিচালিত হয়েছে। বর্তমানে বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম রপ্তানিখাত চামড়াজাতপণ্য ও পাদুকা শিল্পখাতক, যা সরকারের অগ্রাধিকার প্রাপ্ত একটি খাত হিসেবে বিবেচিত। এই শিল্পখাত সংশ্লিষ্ট এলএফএমইএবি-এর সদস্যভুক্ত ফ্যাক্টরিগুলো রপ্তানি প্রবৃদ্ধির ধারা অব্যাহত রাখার পাশাপাশি “বিশ্ব কমপ্লায়েন্স ইনিশিয়েটিভ”-এর আওতায় শ্রমিকদের জীবনমান উন্নয়নে নানাবিধ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যার অংশ হিসেবে এলএফএমইএবি-এর সদস্য ফ্যাক্টরিগুলোর কর্মরত শ্রমিকদের দৃষ্টি ক্ষমতার একটি পরীক্ষণ ও চিকিৎসা প্রক্রিয়াটি চলমান রয়েছে। এই কার্যক্রমের প্রতিটি ধাপে এলএফএমইএবি-কে সহায়তা প্রদান করছে বাংলাদেশ আই হসপিটাল লিমিটেড।

কার্যক্রমটির সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপঃ

এই কার্যক্রমটি পরিচালনার লক্ষ্যে এলএফএমইএবি শ্রমিকদের দৃষ্টি ক্ষমতার পরীক্ষণ প্রক্রিয়া তিনটি ভাগে ভাগ করেছে।

- প্রথম ধাপে, প্রতিটি ফ্যাক্টরির একজন প্রতিনিধি এবং এসোসিয়েশনের প্রতিনিধিদের দৃষ্টি ক্ষমতার প্রাথমিক পরীক্ষণের উপর ৩ দিনের ব্যবহারিক এবং ১ দিনের তত্ত্বীয় প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষিত প্রতিনিধিরা প্রতিটি ফ্যাক্টরির শ্রমিকদের প্রাথমিক পরীক্ষা সম্পাদন করেছেন এবং দৃষ্টি ক্ষমতার ত্রুটিযুক্ত শ্রমিকদের চিহ্নিত করেছেন।
- কার্যক্রমের দ্বিতীয় ধাপে, বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত অপ্টোমেট্রিস্টবৃন্দ প্রতিটি ফ্যাক্টরি পরিদর্শন করেছেন ও সকল শ্রমিকদের দৃষ্টি বিষয়ক সমস্যার পরীক্ষণ করেছেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ (চশমা প্রয়োজন হলে) করেছেন।
- এই কার্যক্রমের তৃতীয় ধাপে, বিশেষজ্ঞ ডাক্তারদের একটি টিম সকল শ্রমিকদের দৃষ্টিশক্তির সমস্যা ব্যাভীত, চক্ষু জনিত অন্যান্য সমস্যা আছে কিনা তার চূড়ান্ত পরীক্ষণ করেছেন এবং এই চূড়ান্ত ধাপের অংশ হিসেবে গত শুক্রবার, ২১ সেপ্টেম্বর ২০১৮ইং (সোমবার), এলএফএমইএবি-এর সদস্যভুক্ত ফ্যাক্টরি আর্কোবালিনো ফুটওয়্যার লিমিটেডে বিশেষজ্ঞ ডাক্তারদের উপস্থিতিতে ত্রুটিযুক্ত দৃষ্টি ক্ষমতার ৬৫ জন শ্রমিককে চিকিৎসার উদ্দেশ্যে দৃষ্টি ক্ষমতার পরীক্ষণ কার্যক্রম পরিচালিত হয়েছে।

এটি একটি বছরব্যাপী চলমান প্রক্রিয়া এবং এই কার্যক্রমটির আওতায় আরো ১৪ টি কারখানায় ৯৫৬৪ শ্রমিকের দৃষ্টি ক্ষমতার পরীক্ষণ পরিচালিত হবে।

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ।

ধন্যবাদান্তে,

কাজী রওশন আরা

নির্বাহী পরিচালক